গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
<u>বাজেট ও উন্নয়ন শাখা।</u>

স্মারক নং-১০.০০.০০০০.১২৬.২২.১৯৯.১২-৯৪১ — তারিখঃ ২৫/০৭/২০১২ খ্রিঃ।

**বিষয় ঃ- দেশের বিভিন্ন আদালত/ট্রাইব্যুনাল কর্তৃক পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশ সংক্রান্ত নির্দেশাবলী।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে দেশের বিভিন্ন আদালত/ট্রাইব্যুনাল কর্তৃক পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশের ক্ষেত্রে নিম্নরূপ নির্দেশাবলী প্রতিপালনের জন্য অনুরোধ করা হল ঃ-

ক। পত্রিকায় প্রকাশিতব্য বিজ্ঞাপন প্রস্তুতের ক্ষেত্রে সাধারণ লেখার ফন্ট (Font) সাইজ (Size) ১৩, শিরোনামের ফন্ট(Font)- ১৬-২০, লাইন স্পেস(Line Space)-সিঙ্গেল (Single), ওয়ার্ড স্পেস (Word Space)- সিঙ্গেল ( Single)- ইত্যাদি নিয়ম অনুসরণ করতে হবে।

খ। আদালত/ ট্রাইব্যুনালের আয়ন-ব্যয়ন কর্মকর্তাগণ-কে পত্রিকার বিল পরিশোধের ক্ষেত্রে ডি, এফ, পি কর্তৃক নির্ধারিত বিজ্ঞাপন রেট/হার কঠোরভাবে অনুসরণ করতে হবে।

গ। বিজ্ঞাপন প্রদান/বন্টনের ক্ষেত্রে কোন বিশেষ পত্রিকার প্রতি পক্ষপাতিত্ব না করে ডি.এফ.পি.এর তালিকাভুক্ত দৈনিক জাতীয় সংবাদ পত্রিকা সমূহের মধ্য হতে সকল পত্রিকাতে সরকারী আর্থিক বিধি অনুসরণ করে সমহারে বন্টনপূর্বক প্রকাশের জন্য পদক্ষেপ গ্রহণ করতে হবে।

ঘ। বর্ণিত নির্দেশাবলীর যে কোনরূপ ব্যত্যয় আর্থিক অনিয়ম হিসেবে গণ্য হবে।

ঙ। যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ নির্দেশাবলী জারী করা হল।

( শহীদুল আলম ঝিনুক)
উপ- সচিব (বাজেট ও উন্নয়ন)
ফোন-৯৫১৫২২(অঃ)।

স্মারক নং-১০.০০.০০০০.১২৬.২২.১৯৯.১২-৯৪১ — তারিখঃ ২৫/০৭/২০১২ খ্রিঃ।

<u>অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-</u>

১। যুগ্ম-সচিব (প্রশাসন-১/২), আইন ও বিচার বিভাগ।
২। জেলা জজ/ মহানগর দায়রা জজ,---------------------------------------(সকল)।
৩। বিভাগীয় বিশেষ জজ/বিশেষ জজ,---------------------------------------(সকল)।
৪। বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল,---------------------------------------(সকল)।
৫। বিচারক, জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল,------------------------------(সকল)।
৬। বিচারক, দ্রুত বিচার ট্রাইব্যুনাল, ---------------------------------------(সকল)।
৭। সদস্য, প্রশাসনিক ট্রাইব্যুনাল,---------------------------------------(সকল)।
৮। সদস্য, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
৯। বিচারক, পরিবেশ আদালত, ঢাকা/চট্টগ্রাম।
১০। বিচারক, পরিবেশ আপীল আদালত, ঢাকা।
১১। উপ-সচিব , (প্রশাসন-১/২), আইন ও বিচার বিভাগ।
১২। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,---------------------------------------(সকল)।
১৩। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,---------------------------------------(সকল)।
১৪। বিচারক, মহানগর ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল ---------------------------------------(সকল)।
১৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।

(মিয়াজী শহিদুল আলম চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব (বাজেট ও উন্নয়ন)